

নাই রস নাই, দারুণ দাহনবেলা । খেলো খেলো তব নীরব ভৈরব খেলা ॥
 যদি ঝ'রে পড়ে পড়ুক পাতা, স্নান হয়ে যাক মালা গাঁথা,
 থাক্ জনহীন পথে পথে মরীচিকাজাল ফেলা ॥
 শুষ্ক ধুলায় খসে-পড়া ফুলদলে ঘূর্ণী-আঁচল উড়াও আকাশতলে ।
 প্রাণ যদি কর মরুসম তবে তাই হোক— হে নির্মম,
 তুমি একা আর আমি একা, কঠোর মিলনমেলা ॥

Parjaay: Prakriti / Grisma, Taal: Kaharwa, Raag: Multaan
 Visit www.geetabitan.com for notation and other detail